

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

"ভাষ্যমান" প্রযোজন উপর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

প্রজাপন

তারিখ, ১৭ এপ্রিল ২০১২

নং ০৭ (আংম) (লেঃস) (মুঞ্চেঃ)-আইন-অনুবাদ-২০১২—সরকারি কার্যবিধিমালা, ১৯৯৬ এর প্রথম তফসিল (বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের মধ্যে কার্যবল্টন) এর আইটেম ৩০ এর ক্রমিক ৭ ও ১০ এবং মন্ত্রিপরিষদ বিভাগের বিগত ৩-৭-২০০০ ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত আটিয়া বন (সংরক্ষণ) অধ্যাদেশ, ১৯৮২ এর নিম্নরূপ বাংলা অনুবাদ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিল।

মোঃ আনোয়ার হোসেন

সিনিয়র সহকারী সচিব।

প্রকাশিত

পৰিবেশ বিভাগ মন্ত্রণালয় প্রকাশিত নথি নং ১২৫৫৮ প্র তারিখ (১)

(৩৫২১৯)

মূল্য : টাকা ২.০০

[ইংরেজীতে প্রণীত এবং জানুয়ারী ২০০৭ পর্যন্ত সংশোধিত আইনের অনুদিত বাংলা পাঠ]

আটিয়া বন (সংরক্ষণ) অধ্যাদেশ, ১৯৮২

১৯৮২ সনের ৩৩ নং অধ্যাদেশ

ইন্যু নং-৭

[১১ই সেপ্টেম্বর, ১৯৮২]

### ঢাকা এবং টাঙ্গাইল জেলার আটিয়া বন সংরক্ষণকল্পে প্রণীত অধ্যাদেশ

যেহেতু, ঢাকা এবং টাঙ্গাইল জেলার আটিয়া বন সংরক্ষণকল্পে বিধান প্রণয়ন করা সমীচীন;

সেহেতু, একগু, ২৪শে মার্চ, ১৯৮২ সনের ফরমান অনুসারে এবং এতদৃদ্শে তাহাকে প্রদত্ত সকল ক্ষমতাবলে, প্রধান সামরিক আইন প্রশাসক সম্মত হইয়া নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ।—

১। **সংক্ষিপ্ত শিরোনাম** — এই অধ্যাদেশ আটিয়া বন (সংরক্ষণ) অধ্যাদেশ, ১৯৮২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা** — বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশে “আদালত” অর্থ দেওয়ানী, ফৌজদারী বা রাজস্ব আদালত এবং হাইকোর্ট বিভাগ এবং আপীল বিভাগও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **সংরক্ষিত বনের গঠন** — বন আইন, ১৯২৭ (১৯২৭ সনের ১৬ নং আইন) বা আপাতত বলবৎ অন্য কোন আইন বা কোন রায়, ডিক্রী বা আদেশে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, তফসিলে উল্লিখিত প্রজ্ঞাপনসমূহের অধীন ৫৯,৬৪৮.৭০ একর ভূমির সমষ্টিয়ে গঠিত আটিয়া বন নামে পরিচিত সংরক্ষিত বন, এইরূপ গঠন বা প্রজ্ঞাপনসমূহে কোন ক্রটি থাকা সত্ত্বেও, বৈধভাবে গঠিত এবং উক্তরূপে জারিকৃত প্রজ্ঞাপনসমূহ যথাযথভাবে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৪। **আইনগত কার্যক্রম বাতিল** (abatement) — (১) ধারা ৩-এ উল্লিখিত সংরক্ষিত বনের গঠনের বিষয়ে কোন আদালতে কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের অব্যবহিত পূর্বে, ধারা ৩-এ উল্লিখিত সংরক্ষিত বনের গঠন বা উহার প্রজ্ঞাপন সম্পর্কে কোন প্রকারের প্রশ্ন সরকার বা উহার কোন কর্মকর্তার বিবরণে কোন আদালতে নিষ্পন্নাধীন কোন মামলা, আপীল, পিটিশন, দরখাস্ত বা অন্য কোন আইনগত কার্যক্রমে উত্থাপন করা হইয়া থাকিলে উহা অবিলম্বে বাতিল হইবে এবং উহা আর অগ্রসর করা যাইবে না।

### তফসিল

(১) প্রজ্ঞাপন নং ১৭১১৫ বন, তারিখ : ২ ডিসেম্বর, ১৯২৭

(২) প্রজ্ঞাপন নং ২৮১৩ বন, তারিখ : ২৪ ফেব্রুয়ারী, ১৯২৮

(৩) প্রজ্ঞাপন নং ২৮১৪ বন, তারিখ : ২৪ ফেব্রুয়ারী, ১৯২৮

- (৪) প্রজ্ঞাপন নং ২৮৪৭ বন, তারিখ : ২৫ ফেব্রুয়ারী, ১৯২৮
- (৫) প্রজ্ঞাপন নং ২৮৪৮ বন, তারিখ : ২৫ ফেব্রুয়ারী, ১৯২৮
- (৬) প্রজ্ঞাপন নং ৩০২০ বন, তারিখ : ২৮ ফেব্রুয়ারী, ১৯২৮
- (৭) প্রজ্ঞাপন নং ৩৩৬১ বন, তারিখ : ৫ মার্চ, ১৯২৮
- (৮) প্রজ্ঞাপন নং ৪০৭১ বন, তারিখ : ১৯ মার্চ, ১৯২৮
- (৯) প্রজ্ঞাপন নং ৭৯৭৪ বন, তারিখ : ২ এপ্রিল, ১৯২৮
- (১০) প্রজ্ঞাপন নং ৮৯৫০ বন, তারিখ : ২৭ এপ্রিল, ১৯২৮
- (১১) প্রজ্ঞাপন নং ৮৯৫৪ বন, তারিখ : ২৭ এপ্রিল, ১৯২৮
- (১২) প্রজ্ঞাপন নং ৯১২২ বন, তারিখ : ২ মে, ১৯২৮
- (১৩) প্রজ্ঞাপন নং ৯১৮৪ বন, তারিখ : ৪ মে, ১৯২৮
- (১৪) প্রজ্ঞাপন নং ৯২৭১ বন, তারিখ : ৭ মে, ১৯২৮
- (১৫) প্রজ্ঞাপন নং ৯৪৮৮ বন, তারিখ : ১১ মে, ১৯২৮
- (১৬) প্রজ্ঞাপন নং ১০০৪৬ বন, তারিখ : ২৩ মে, ১৯২৮
- (১৭) প্রজ্ঞাপন নং ১০৪০২ বন, তারিখ : ৫ জুন, ১৯২৮
- (১৮) প্রজ্ঞাপন নং ১০৭৩২ বন, তারিখ : ৯ জুন, ১৯২৮
- (১৯) প্রজ্ঞাপন নং ১০৭৩৫ বন, তারিখ : ৯ জুন, ১৯২৮
- (২০) প্রজ্ঞাপন নং ১১০০৮ বন, তারিখ : ১৫ জুন, ১৯২৮
- (২১) প্রজ্ঞাপন নং ১১৩০১ বন, তারিখ : ২৩ জুন, ১৯২৮
- (২২) প্রজ্ঞাপন নং ১১৩০৯ বন, তারিখ : ২৩ জুন, ১৯২৮
- (২৩) প্রজ্ঞাপন নং ১২১৫১ বন, তারিখ : ১৬ জুলাই, ১৯২৮
- (২৪) প্রজ্ঞাপন নং ১৩৪০৪ বন, তারিখ : ২০ জুলাই, ১৯২৮
- (২৫) প্রজ্ঞাপন নং ১৬৮৭০ বন, তারিখ : ১৭ সেপ্টেম্বর, ১৯২৮।